

## মৎস্য অধিদপ্তরের কার্যক্রম

তারিখ: ০৭-১৩ জুন, ২০২৩ পর্যন্ত

“মজবুত হলে পুষ্টির ভিত

স্মার্ট বাংলাদেশ হবে নিশ্চিত”

দিন ও তারিখ	কার্যক্রমসমূহ	বাস্তবায়ন কৌশল
১	২	৩
১ম দিন ০৭/০৬/২০২৩	জেলা ও উপজেলা পর্যায়ে প্রচার-প্রচারণা	জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপন উপলক্ষে পুষ্টি বিষয়ে জনগণকে সচেতন করতে প্রতিটি জেলা ও উপজেলায় মৎস্য দপ্তর কর্তৃক প্রচার প্রচারণা কার্যক্রম গ্রহণ করা হবে। প্রচারণার অংশ হিসেবে জেলা ও উপজেলার গুরুত্বপূর্ণ স্থানে লিফলেট বিতরণ করা হবে। এছাড়াও জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জেলা/ উপজেলা মৎস্য দপ্তর জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপনে প্রচার-প্রচারণাসহ অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করবে।
২য় দিন ০৮/০৬/২০২৩	প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার প্রচারণা	প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার প্রচারণার অংশ হিসেবে কমপক্ষে ২টি বহল প্রচারিত পত্রিকায় পুষ্টি বিষয়ক কন্টেন্ট প্রচার করা হবে।
৩য় দিন ০৯/০৬/২০২৩	উপজেলা পর্যায়ে মৎস্যজীবী কমিউনিটিতে পুষ্টি বিষয়ে গ্রুপ ভিত্তিক সচেতনতা সভা আয়োজন	উপজেলা পর্যায়ে উপকূলীয় মৎস্যজীবী কমিউনিটিতে পুষ্টি বিষয়ক সচেতনতামূলক গ্রুপভিত্তিক আলোচনা সভা (সিএজি/সিআইজি/পিও) অনুষ্ঠিত হবে। এছাড়াও কক্সবাজার জেলার ০৫ টি উপজেলা, পটুয়াখালী জেলার কলাপাড়া ও ভোলা জেলার চরফ্যাশনে মৎস্য অধিদপ্তর ও ওয়ার্ল্ড ফিশ (ইকোফিশ) কর্তৃক যৌথভাবে পুষ্টি বিষয়ক আলোচনা সভা আয়োজিত হবে। মৎস্য অধিদপ্তর ও এফএও (GEF ফিশারিজ প্রকল্প এলাকায়) কর্তৃক যৌথভাবে ০৯টি উপজেলায় মৎস্যজীবী কমিউনিটিতে পুষ্টি বিষয়ে গ্রুপ ভিত্তিক সচেতনতা সভা আয়োজন করা হবে।
৪র্থ দিন ১০/০৬/২০২৩	জেলা পর্যায়ে ওয়ার্কশপ	জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপন উপলক্ষে নির্বাচিত জেলাসমূহে কর্মকর্তা, কর্মচারী ও স্টেকহোল্ডার এর সমন্বয়ে ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে। সিলেট বিভাগের ০৪টি জেলার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে মৎস্য অধিদপ্তর ও সূচনা প্রকল্প কর্তৃক যৌথভাবে সিলেট এ একটি কর্মশালা আয়োজিত হবে। এছাড়াও কক্সবাজার জেলায় মৎস্য অধিদপ্তর ও ওয়ার্ল্ড ফিশ (ইকোফিশ) কর্তৃক যৌথভাবে ১টি কর্মশালা আয়োজন করা হবে।
৫ম দিন ১১/০৬/২০২৩	মৎস্য অধিদপ্তরের কল সেন্টারের মাধ্যমে ই-পুষ্টি সেবা প্রদান	জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপন উপলক্ষে মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটের স্ক্রলে মৎস্য অধিদপ্তরের কল সেন্টারের মাধ্যমে ই-পুষ্টি সেবা প্রদানের বিষয়টি প্রচারণা করা হবে। ৫ম দিনে একজন ক্লিনিক্যাল পুষ্টিবিদ কর্তৃক মৎস্য অধিদপ্তরের কল সেন্টারের মাধ্যমে ই-পুষ্টি সেবা প্রদান করা হবে।
৬ষ্ঠ দিন ১২/০৬/২০২৩	কেন্দ্রীয় ওয়ার্কশপ	জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপন উপলক্ষে মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মকর্তা, কর্মচারী ও স্টেকহোল্ডার এর সমন্বয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে।
৭ম দিন ১৩/০৬/২০২৩	বিনামূল্যে মাছ বিতরণ/বিক্রয়	আরবান এরিয়াতে (ঢাকা) গরীব, দুস্থ ও এতিমদের মাঝে বিনামূল্যে মাছ (১০০ জনের মধ্যে জন প্রতি ১ কেজি) বিতরণ করা হবে।

- বাস্তবতার নিরিখে উল্লিখিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে পুনর্বিদ্যমান হতে পারে।